**PUMDET-2023**

**Subject : BENGALI** **(Booklet Number)**

**বিষয় : বাংলা**

**সময়: ৯০ মিনিট** **মোট প্রশ্ন : ৫০ টি** **পূর্ণমান : ১০০**

## নির্দেশাবলী

১. এই প্রশ্নপত্রের সব প্রশ্নই অবজেক্টিভ প্রশ্ন এবং প্রতিটি প্রশ্নের চারটি সম্ভাব্য উত্তর দেওয়া আছে যার একটি মাত্র সঠিক। সঠিক উত্তর দিলে 2 নম্বর পাবে। ভুল উত্তর দিলে অথবা একাধিক উত্তর দিলে ½ নম্বর কাটা যাবে।

২. OMR পত্রে A, B, C, D চিহ্নিত সঠিক ঘরটি ভরাট করে উত্তর দিতে হবে।

৩. OMR পত্রে উত্তর দিতে শুধুমাত্র **কালো বা নীল** কালির বল পয়েন্ট পেন ব্যবহার করবে।

৪. OMR পত্রে নির্দিষ্ট স্থান ছাড়া অন্য কোথাও কোনো দাগ দেবে না।

৫. OMR পত্রে নির্দিষ্ট স্থানে প্রশ্নপত্রের নম্বর এবং নিজের রোল নম্বর অতি সাবধানতার সাথে লিখতে হবে এবং প্রয়োজনীয় ঘরগুলি পূরণ করতে হবে।

৬. OMR পত্রে নির্দিষ্ট স্থানে নিজের নাম ও পরীক্ষাকেন্দ্রের নাম লিখতে হবে এবং নিজের (Admit Card এ উল্লেখিত) স্বাক্ষর করতে হবে।

৭. প্রশ্নপত্রের নম্বর বা রোল নম্বর ভুল লিখলে অথবা ভুল ঘর ভরাট করলে, পরীক্ষার্থীর নাম, পরীক্ষাকেন্দ্রের নাম বা স্বাক্ষরে কোনো ভুল থাকলে উত্তরপত্র বাতিল হয়ে যেতে পারে। OMR পত্রটি ভাঁজ হলে বা তাতে অনাবশ্যক দাগ পড়লেও বাতিল হয়ে যেতে পারে। পরীক্ষার্থীর এই ধরনের ভুল বা অসর্তকতার জন্য উত্তরপত্র বাতিল হলে একমাত্র পরীক্ষার্থী নিজেই তার জন্য দায়ী থাকবে।

৮. মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্লাইডরুল, লগটেবল, হাতঘড়ি, রেখাচিত্র, গ্রাফ বা কোনো ধরনের তালিকা পরীক্ষাকক্ষে আনা যাবে না। আনলে সেটি বাজেয়াপ্ত হবে এবং পরীক্ষার্থীর ওই পরীক্ষা বাতিল করা হবে।

৯. প্রশ্নপত্রে শেষে রাফ কাজ করার জন্য ফাঁকা জায়গা দেওয়া আছে। অন্য কোনো কাগজ এই কাজে ব্যবহার করবে না।

১০. পরীক্ষাকক্ষ ছাড়ার আগে OMR পত্র অবশ্যই পরিদর্শককে দিয়ে যাবে।

১১. পরীক্ষা শেষে পরীক্ষার্থীরা প্রশ্নপত্রটি নিয়ে যাবে।

**পরীক্ষার্থীর স্বাক্ষর :** ______________________________

**(Admit Card - এ উল্লেখিত)**

**পরিদর্শকের স্বাক্ষর :** ______________________________

## SPACE FOR ROUGH WORK

CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL CONFIDENTIAL

## Bengali

1. **'ভারত সংস্কৃতি'** গ্রন্থটির লেখক হলেন
   (A) গোপাল হালদার
   (B) বিনয় ঘোষ
   (C) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
   (D) নীহাররঞ্জন রায়

2. ছোটদের মাসিক পত্রিকা **'সন্দেশ'**-এর প্রথম সংস্করণ প্রকাশিত হয়
   (A) **১৯১৩** খ্রিস্টাব্দে
   (B) **১৯৩১** খ্রিস্টাব্দে
   (C) **১৯৪০** খ্রিস্টাব্দে
   (D) **১৯৪১** খ্রিস্টাব্দে

3. নীহারিকা দেবী যাঁর ছদ্মনাম তিনি হলেন
   (A) রাধারাণী দেবী
   (B) প্রভাবতী দেবী সরস্বতী
   (C) অচিন্ত্যকুমার সেনগুপ্ত
   (D) প্রেমেন্দ্র মিত্র

4. **'আধুনিক বাংলা ছন্দ'** গ্রন্থের লেখক
   (A) অমূল্যধন মুখোপাধ্যায়
   (B) প্রবোধচন্দ্র সেন
   (C) তারাপদ মুখোপাধ্যায়
   (D) নীলরতন সেন

5. **'শতরঞ্জ কে খিলাড়ী'** চলচ্চিত্রের কাহিনীকার হলেন
   (A) ফণীশ্বরনাথ রেণু
   (B) সাদাত হোসেন মান্টো
   (C) মহাবীর প্রসাদ
   (D) মুন্সি প্রেমচন্দ

6. **'নয়ানী'** কোন কাব্যের চরিত্র ?
   (A) মনসামঙ্গল
   (B) চন্ডীমঙ্গল
   (C) ধর্মমঙ্গল
   (D) অন্নদামঙ্গল

7. **'সপ্তপদী'** উপন্যাসটি রচনা করেন
   (A) আশাপূর্ণা দেবী
   (B) আশুতোষ মুখোপাধ্যায়
   (C) শরদিন্দু বন্দ্যোপাধ্যায়
   (D) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

8. বুদ্ধদেব বসুর **'পাতা ঝরে যায়'** একটি

(A) কাব্যগ্রন্থ (B) ছোটোগল্প

(C) নাটক (D) স্মৃতিকথা

9. আশুতোষ ভট্টাচার্যের সম্পাদনায় **'বাইশ কবির মনসামঙ্গল বা বাইশা'** প্রকাশিত হয়

(A) ১৯৫৪ সালে (B) ১৯৫৫ সালে

(C) ১৯৫৬ সালে (D) ১৯৫৭ সালে

10. সুধীন্দ্রনাথ দত্তের **'যযাতি'** কবিতাটি প্রথম যে পত্রিকায় প্রকাশিত হয়

(A) পরিচয় (B) প্রগতি

(C) কবিতা (D) পূর্বাশা

11. বৈষ্ণব-পদ রচনাকারী একজন মুসলমান কবি হলেন

(A) দৌলত কাজি (B) সৈয়দ মর্তুজা

(C) সৈয়দ সুলতান (D) শেখ আবদুর রহিম

12. **'ব্রাহ্মণ রোমান-ক্যাথলিক সংবাদ'** -এর লেখক

(A) রামমোহন রায় (B) উইলিয়াম কেরি

(C) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (D) দোম আন্তোনিও

13. **'বাংলার রেনেসাঁস'** বইটির লেখক

(A) নীহাররঞ্জন রায় (B) সুশোভন সরকার

(C) অমলেশ ত্রিপাঠী (D) সুমিত সরকার

14. **'জোড়াসাঁকোর ধারে'** শীর্ষক আত্মজীবনীটির রচয়িতা হলেন

(A) রবীন্দ্রনাথ ঠাকুর (B) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

(C) গগনেন্দ্রনাথ ঠাকুর (D) অবনীন্দ্রনাথ ঠাকুর

15. 'ল' ধ্বনিটি হল

(A) নাসিক্য ধ্বনি (B) কম্পিত ধ্বনি

(C) উষ্ম ধ্বনি (D) পার্শ্বিক ধ্বনি

16. প্রথম ও দ্বিতীয় তালিকায় প্রদত্ত কাব্যগ্রন্থ ও কবির নামের সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত কর :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | 'খসড়া' | i. | সুধীন্দ্রনাথ দত্ত |
| b. | 'ভাঙার গান' | ii. | অমিয় চক্রবর্তী |
| c. | 'অর্কেস্ট্রা' | iii. | সুভাষ মুখোপাধ্যায় |
| d. | 'পদাতিক' | iv. | নজরুল ইসলাম |

(A) a – iii, b – ii, c – i, d – iv (B) a – ii, b – iv, c – i, d – iii

(C) a – iv, b – ii, c – i, d – iii (D) a – i, b – iv, c – iii, d – ii

17. 'মুনিশ' শব্দটির উৎস 'মানুষ' বা 'মনুষ্য' হলেও বর্তমানে সেটি 'মজুর' অর্থে ব্যবহৃত হয়। এখানে শব্দার্থ পরিবর্তনের যে ধারা লক্ষ করা যায়

(A) অর্থের রূপান্তর (B) অর্থের প্রসার

(C) অর্থের সংকোচ (D) কোনোটাই নয়

18. 'নীলদর্পণ' নাটকটি ইংরেজিতে অনুবাদ করেছিলেন

(A) মধুসূদন দত্ত (B) জেমস লঙ

(C) তারাচরণ শিকদার (D) হরচন্দ্র ঘোষ

**19.** প্রথম ও দ্বিতীয় তালিকায় প্রদত্ত পত্রিকা ও সম্পাদকের নামের সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত কর :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | 'অবলাবান্ধব' | i. | রামানন্দ চট্টোপাধ্যায় |
| b. | 'নারায়ন' | ii. | চিত্তরঞ্জন দাশ |
| c. | 'পরিচয়' | iii. | দ্বারকানাথ গঙ্গোপাধ্যায় |
| d. | 'প্রবাসী' | iv. | সুধীন্দ্রনাথ দত্ত |

(A) a – iii, b – i, c – iv, d – ii
(B) a – ii, b – iii, c – i, d – iv
(C) a – i, b – iii, c – ii, d – iv
(D) a – iii, b – ii, c – iv, d – i

**20.** নীচের যে পদটিতে রাধার রূপ দেখে কৃষ্ণের মুগ্ধতা বর্ণিত হয়েছে সেটি হল

(A) রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর
(B) যাঁহা যাঁহা নিকশয়ে তনু তনু-জ্যোতি
(C) হাথক দরপণ মাথক ফুল
(D) রূপে ভরল দিঠি সোঙরি পরশ মিঠি

**21.** প্রথম ও দ্বিতীয় তালিকায় প্রদত্ত উপন্যাস ও ঔপন্যাসিকের নামের সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত কর :

| প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|
| a. | প্রাণনাথ হৈও তুমি | i. | রূপক সাহা |
| b. | তোমাকে আমি ছুঁতে পারিনি | ii. | প্রীতম বসু |
| c. | কাঁহা গেলে তোমা পাই | iii. | সন্মাত্রানন্দ |
| d. | ক্ষমা কর, হে প্রভু | iv. | জয়দেব মুখোপাধ্যায় |

(A) a – ii, b – iii, c – iv, d – i
(B) a – iii, b – i, c – iv, d – ii
(C) a – iv, b – i, c – ii, d – iii
(D) a – iii, b – iv, c – i, d – ii

22. **'**কাব্যমীমাংসা**'**-র রচনাকার

(A) কুন্তক
(B) রাজশেখর
(C) জগন্নাথ
(D) ক্ষেমেন্দ্র

23. **"**বেগ সংসার বড়হিল জঅ।

দুহিল দুধু কি বেন্টে ষামায়॥**"** - পদটির রচয়িতা হলেন

(A) ঢেন্ঢণ পা
(B) ভুসুকু পা
(C) কাহ্ন পা
(D) শবর পা

24. **'**সংশপ্তক**'** উপন্যাসটির রচয়িতা

(A) সৈয়দ ওয়ালীউল্লাহ্
(B) শহীদুল্লা কায়সার
(C) আখতারুজ্জামান ইলিয়াস
(D) হাসান আজিজুল হক

25. ত্রয়োদশ শতাব্দীতে **'**অভিধান**'** বোঝাতে প্রথম 'Dictionarius' শব্দটির ব্যবহার করেন

(A) যাস্ক
(B) গারল্যান্ড
(C) চমস্কি
(D) ম্যাক্সওয়েল

26. **'**ময়মনসিংহ গীতিকা**'** প্রথম সম্পাদনা করে প্রকাশ করেন

(A) সুকুমার সেন
(B) জসীমউদ্দিন
(C) দীনেশচন্দ্র সেন
(D) আশরাফ সিদ্দিকী

27. নিম্নলিখিত প্রবন্ধগুলির মধ্যে যেটি আবু সয়ীদ আইয়ুবের লেখা

(A) সঙ্গ নিঃসঙ্গতা ও রবীন্দ্রনাথ
(B) ভারতীয় সংস্কৃতির স্বরূপ
(C) সৌন্দর্যতত্ত্ব
(D) অমঙ্গলবোধ ও আধুনিক কবিতা

28. ‘মিস মারপল’ কে নিয়ে লেখা আগাথা ক্রিস্টির প্রথম পূর্ণাঙ্গ উপন্যাসটি হল

(A) A Pocket Full of Rye
(B) The Murder at the Vicarage
(C) The Moving Finger
(D) They Do It with Mirrors

29. শেক্সপীয়রের যে নাটক ‘রুদ্রপাল নাটক’ -এর উৎস সেটি হল

(A) Macbeth
(B) Hamlet
(C) Julius Caesar
(D) Othello

30. ‘টংলিং’ -এর রচয়িতা হলেন

(A) সুখলতা রাও
(B) নলিনী দাশ
(C) লীলা মজুমদার
(D) সত্যজিৎ রায়

31. প্রথম ও দ্বিতীয় তালিকায় প্রদত্ত মহাভারত অনুপ্রাণিত উপন্যাস ও ঔপন্যাসিকের নামের সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত কর :

| | প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা |
|---|---|---|---|
| a. | ব্যাস | i. | কালকূট |
| b. | পৃথা | ii. | বাণী বসু |
| c. | বিকর্ণ | iii. | শাহজাদা ফিরদৌস |
| d. | সুযোধন-দুর্যোধন | iv. | হর্ষ দত্ত |

(A) a – ii, b – iii, c – iv, d – i
(B) a – iii, b – i, c – iv, d – ii
(C) a – ii, b – iv, c – i, d – iii
(D) a – iv, b – iii, c – ii, d – i

32. “গৃহিণী সচিবঃ সখী মিথঃ প্রিয়শিষ্যা ললিতে কলাবিধৌ।”

‘নিশীথে’ গল্পে উদ্ধৃত এই শ্লোকটির উৎস কালিদাসের যে রচনা সেটি হল

(A) মেঘদূতম্
(B) কুমারসম্ভবম্
(C) রঘুবংশম্
(D) বিক্রমোর্বশীয়ম্

33. যে নাটকের জন্য গিরিশ করনাড জ্ঞানপীঠ পুরস্কার পেয়েছেন সেটি হল

(A) হয়বদন
(B) যযাতি
(C) তুঘলক
(D) নাগমন্ডল

34. বাংলা শব্দভান্ডারে **'ঘুগনি'** শব্দটির উৎস-ভাষা

(A) হিন্দি
(B) গুজরাতি
(C) আরবি
(D) বর্মী

35. **'**নিকষ কালো কম্বলের
মাঝে মাঝেই জরি।
ঝলমলানো সোনার ঝালর
কত হাজার ভরি।**'**

প্রদত্ত কবিতাংশে যে অলংকার প্রযুক্ত হয়েছে, সেটি হল

(A) অতিশয়োক্তি
(B) সমাসোক্তি
(C) স্বভাবোক্তি
(D) নিশ্চয়

36. **'ফনি-মনসা'** কাব্যগ্রন্থের লেখক

(A) মোহিতলাল মজুমদার
(B) যতীন্দ্রমোহন বাগচী
(C) যতীন্দ্রনাথ সেনগুপ্ত
(D) কাজি নজরুল ইসলাম

37. **'সোনালী কাবিন'** কাব্যগ্রন্থের রচয়িতা হলেন

(A) শামসুর রহমান
(B) নির্মলেন্দু গুণ
(C) আল মাহমুদ
(D) সৈয়দ শামসুল হক

38. **'ভারতী'** পত্রিকার প্রতিষ্ঠাতা-সম্পাদক ছিলেন

(A) রবীন্দ্রনাথ ঠাকুর
(B) সুধীন্দ্রনাথ ঠাকুর
(C) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
(D) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর

**39.** <u>জামে</u> কাম কি <u>কামে</u> জাম। রেখাঙ্কিত অংশটির কারক-বিভক্তি হল

(A) কর্তৃকারকে 'এ' বিভক্তি
(B) কর্মকারকে 'এ' বিভক্তি
(C) অধিকরণকারকে 'এ' বিভক্তি
(D) অপাদানকারকে 'এ' বিভক্তি

**40.** রবীন্দ্রনাথ তাঁর 'বিশ্বপরিচয়' গ্রন্থটি উৎসর্গ করেছেন

(A) সত্যেন্দ্রনাথ ঠাকুর
(B) সত্যেন্দ্রনাথ বসু
(C) সুরেন্দ্রনাথ ঠাকুর
(D) জগদীশচন্দ্র বসু

**41.** 'পারিবারিক প্রবন্ধ' গ্রন্থটির রচয়িতা

(A) দ্বারকানাথ বিদ্যাভূষণ
(B) তারাশঙ্কর তর্করত্ন
(C) ভূদেব মুখোপাধ্যায়
(D) অক্ষয়কুমার দত্ত

**42.** তালিকায় প্রদত্ত যে গ্রন্থটির রচয়িতা রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, সেটি হল

(A) পদ্মিনী কাব্য
(B) কর্মসুন্দরী
(C) ত্রয়ী কাব্য
(D) ভেক মুষিকের যুদ্ধ

**43.** শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'মন্দির' গল্পটি যে পত্রিকায় প্রকাশিত হয় তা হল

(A) ভারতী
(B) আর্যদর্শন
(C) যমুনা
(D) নব্যভারত

**44.** রবীন্দ্রনাথের যে উপন্যাসে প্লেগ মহামারীর প্রসঙ্গ আছে, সেটি হল

(A) গোরা
(B) চতুরঙ্গ
(C) ঘরে বাইরে
(D) মালঞ্চ

**45.** 'দোজখনামা' উপন্যাসের স্রষ্টা

(A) রবিশঙ্কর বল
(B) অমর মিত্র
(C) সোহরাব হোসেন
(D) আফসার আমেদ

**46.** **'অদ্বৈতপ্রকাশ'** -এর রচয়িতা হলেন

(A) কেশব ভারতী
(B) ঈশান নাগর
(C) রূপগোস্বামী
(D) পরমানন্দ সেন

**47.** বঙ্কিমচন্দ্রের 'Rajmohan's Wife' প্রকাশিত হয়েছিল যে পত্রিকায় সেটি হল

(A) Indian Field
(B) Indian Mirror
(C) Indian Messenger
(D) Mukherjee's Magazine

**48.** **'সকলি তোমারি ইচ্ছা, ইচ্ছাময়ী তারা তুমি'** - এই শাক্ত পদটির রচয়িতা হলেন

(A) রামপ্রসাদ সেন
(B) গিরিশচন্দ্র ঘোষ
(C) গোবিন্দ চৌধুরী
(D) রামদুলাল নন্দী

**49.** গুণাঢ্যের **'বৃহৎকথা'** রচিত হয়েছিল

(A) মাগধী প্রাকৃতে
(B) পৈশাচী প্রাকৃতে
(C) অর্ধ-মাগধী প্রাকৃতে
(D) শৌরসেনী প্রাকৃতে

**50.** 'আষাঢ় পঞ্চমী রথবিজয় নাচিতে
ইটাল বাজিল বাম পাএ আচম্বিতে।'

এই বর্ণনা যে কাব্যে রয়েছে সেটি হল

(A) বৃন্দাবনদাসের চৈতন্যভাগবত
(B) লোচনদাসের চৈতন্যমঙ্গল
(C) জয়ানন্দের চৈতন্যমঙ্গল
(D) চূড়ামণিদাসের গৌরাঙ্গবিজয়

## SPACE FOR ROUGH WORK